বছরের শুরুতেই শুটিংয়ে তারকা জুটি মৌসুমী-সানী

জনপ্রিয় তারকা জুটি মৌসুমী ও ওমর সানী সিনেমার শুটিংয়ে অংশ নিলেন নতুন বছরের শুরুতেই। ছবির শুটিং চলছে গাজীপুরের হোতা পাড়ায়। এখানে দুদিনের শুটিং করে প্রথম লটের কাজ শেষ হবে। ‘বাংলার ভাবী’ নামের সিনেমায় তাদের একসঙ্গে দেখা যাবে। নৃত্য পরিচালক সাইফুল ইসলাম সিনেমাটি পরিচালনা করছেন।

গণমাধ্যমকে ওমর সানি জানান, আমি আর মৌসুমী অনেক দিন পর একসঙ্গে সিনেমায় কাজ করছি। ভালো লাগছে। আমাদের পাশাপাশি এখানে দর্শক দেখতে পাবেন একটি নতুন জুটিকেও।

জানা যায়, ছবির নির্মাণ কাজ শেষে এটি মুক্তি দেয়া হবে চলতি বছরেই।

অপু-বুবলীকে নিয়ে যা বললেন শাকিব

‘আড়ালের এই সময়টাতে শাকিব খানের সঙ্গে কথা হয়েছে কিনা? বুবলী বললেন, শাকিব খবর নেওয়ার চেষ্টা করেছে। বেশ কয়েকবার চেষ্টা করেছে…’ গত ৬ জানুয়ারি বাংলাদেশ প্রতিদিনের শোবিজ বিভাগে ‘সময় হলেই খুলবে রহস্যের জট’ শিরোনামে বুবলীর দেওয়া সাক্ষাৎকারভিত্তিক প্রতিবেদনে প্রতিবেদক শামছুল হক রাসেলের প্রশ্নের জবাবে এ অভিনেত্রী উপরের কথাগুলো বলেন। কিন্তু দীর্ঘ সাক্ষাৎকারে শাকিবের সঙ্গে তার সম্পর্কের গুঞ্জনের বিষয়টি তিনি পরিষ্কার করেননি। বলতে গেলে ধোঁয়াশাই রেখে দেন বহুল আলোচিত এ ব্যাপারটি। শাকিব-বুবলীকে নিয়ে দর্শক ও পাঠকের যে কৌতূহল তার কোনো সমাধান সূত্র পাওয়া যায়নি সে জবানীতে।

এ যেন বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ‘শেষের কবিতার’ শেষ পঙ্ক্তি

‘শেষ হইয়াও হইলো না শেষ’-এর মতোই অধরা। তার এ জবাবের রেশ ধরেই অভিনেতা শাকিব খানের কাছে জানতে চাইলাম, ‘আপনি কি আসলেই বুবলীর খবর নেওয়ার চেষ্টা করেছেন, আর কী খবরইবা জানতে চেয়েছেন?’ এমন প্রশ্নের জবাবে শাকিবের ত্বরিত জবাব, ‘আরে ও তো আমার সহকর্মী, একজন সহকর্মীকে দীর্ঘদিন ধরে কেউ খুঁজে পাচ্ছে না, সহকর্মী হিসেবে তার খবর নেওয়াটা তো দায়িত্বের মধ্যেই পড়ে। তাই খবর নিতেই তাকে ফোন দিয়েছিলাম’। পরের প্রশ্ন- ‘তা বুবলী কী বলেছিলেন?’ শাকিব বললেন, ‘না কোনো কথা হয়নি, ও কল রিসিভ করেনি, হয়তো ব্যস্ত ছিল’।

শাকিব-অপুর পর এবার শাকিব-বুবলী অধ্যায়ের সূত্রপাত। আর এ সূত্রপাতের আয়োজক তারাই। কারণ শাকিব-অপুর মধুর সংসার ভেঙে যাওয়ার উপাত্ত হিসেবে বুবলীর নামই ঘুরেফিরে বারবার ওঠে আসে। শাকিবের সঙ্গে বুবলীর প্রেমের গল্পটা শুরুতেই শুনিয়েছিলেন অপু বিশ্বাস। শাকিব-অপু গোপনে ২০০৮ সালে বিবাহবন্ধনে আবদ্ধ হলেও অপুর কথায় শাকিবের নির্দেশেই তা দীর্ঘদিন তাকে গোপন রাখতে হয়েছিল। ২০১৬ সালের মার্চে হঠাৎ করেই অপু চলে যান লোকচক্ষুর অন্তরালে। চলচ্চিত্র বা মিডিয়ার কেউ তাকে খুঁজে পাচ্ছিলেন না। কেটে গেল ১৪ মাস। অপুর কোনো খবর নেই। অপু আড়াল হওয়ার অনেক আগেই কিন্তু শাকিব-অপুর প্রেম আর পরিণয়ের গুঞ্জন আকাশে-বাতাসে উড়ে বেড়িয়েছে।

কিন্তু দুজনই বরাবর তা অস্বীকার করে আসছিলেন। এমনকি অপু আড়ালে চলে যাওয়ার পর মিডিয়ার পক্ষ থেকে শাকিবের কাছে অপুর খবর বারবার জানতে চাওয়া হয়েছিল। প্রতিবারই শাকিব খান বলেছিলেন, ‘অপুর খবর আমি কীভাবে জানব’। নিজেদের প্রেম-বিয়ের খবর অস্বীকার করে দুজনই বলেছিলেন, ‘সবই গুজব। আমরা দুজন সহকর্মী ও ভালো বন্ধু ছাড়া আর কিছুই নয়’। ২০১৬ সালে অপু আড়াল হওয়ার পর একমাত্র বাংলাদেশ প্রতিদিনের সঙ্গে যোগাযোগ রেখেছিলেন এ অভিনেত্রী। তখন বলেছিলেন, অনেক কষ্ট আর ক্ষোভের কথা। অপু তার কষ্টের কারণ ব্যাখ্যা করতে গিয়ে বুবলীর দিকেই আঙুল তুলেছিলেন। বলেছিলেন, ‘শাকিব আমাকে বিয়ে করার পর বিয়ের কথা গোপন রাখাসহ সে যা বলেছে আমি তা মেনে নিয়েছি। ২০১৬ সালের মার্চে যখন বুলবুল বিশ্বাসের ‘রাজনীতি’ ছবির শুটিং করি তখন আমি প্রেগন্যান্ট।

এ অবস্থাতেও শুটিং করে গেছি। শেষ পর্যন্ত যখন বেবি বাম্প আর গোপন করা যাচ্ছিল না, তখনই আড়ালে চলে যাই। অপু বলেছিলেন, ‘আমার কষ্টটা ছিল বুবলীকে নিয়ে। আমি লক্ষ্য করলাম শাকিবের সঙ্গে বুবলীর

কিছু বলতে চাই না। আসলে সব কিছুর একটা প্রপার টাইম আছে। সময় হলে বিষয়গুলো জানাব, খুলে যাবে রহস্যের জট। আমরা যতই বলি ব্যক্তিগত বিষয়গুলো আমাদের মধ্যে রাখব, আসলে সেটা হয় না।’ বুবলীর এমন রহস্যঘেরা ও অসম্পূর্ণ বক্তব্য শুনে পাঠক-দর্শকরা বলছেন, ‘ডাল মে কুচ কালা হ্যায়’। তারা বলছেন, বুবলীর এ বক্তব্যকে মনে হচ্ছে ট্রেলার, আমরা এখন পুরো ছবিটি দেখার অপেক্ষায় আছি।

বুবলীর বক্তব্য শাকিবের কাছে তুলে ধরে এর সঙ্গে তার যোগসূত্র খোঁজার চেষ্টা করলে শাকিবের সাফ জবাব, ‘বুবলী কী বলছে বা বলছে না কিংবা কেন বলছে তা আমি কীভাবে জানব। ওকেই জিজ্ঞাসা করুন। ও আমার কো-আর্টিস্ট আর ভালো বন্ধু ছাড়া আর কিছুই না। আমাদের নিয়ে এসব গুঞ্জনের কোনো মানে হয় না। শাকিব এও বলেন, স্টারডাম বলে একটা কথা আছে। সব দেশেই স্টারদের নিয়ে এমন গসিপ হরহামেশাই শোনা যায়। এসব গায়ে মাখতে গেলে কাজ করব কখন। আমি এ ব্যাপারে কোনো কথা আর বলতে চাই না। ‘বুবলী’র সঙ্গে সম্পর্কের কারণে অপুর সঙ্গে তার দাম্পত্য সম্পর্কের ইতি হয়েছে, অপুর এমন অভিযোগের জবাবে শাকিব খান বরাবরই বলে আসছেন, এটি একবারে ভিত্তিহীন অভিযোগ, আসলে অপুকে বিয়ে করার অল্পদিনের মধ্যেই টের পেলাম সে অন্য এক নায়কের সঙ্গে পরকীয়ায় লিপ্ত।

২০১০ সালে তাদের দুজনকে হাতেনাতে ধরেও ফেলেছিলাম। পত্রপত্রিকায় এ খবর তখন ফলাও করে প্রকাশও হয়েছে। পরে সে ক্ষমা চাওয়ায় তাকে নিয়ে আবার সংসার শুরু করি। কিন্তু প্রবাদ আছে ‘…লেজ কখনো সোজা হয় না’, অপুর ক্ষেত্রে তাই হয়েছে। তাদের পরকীয়া যখন সহ্যের সীমা ছাড়িয়ে যায় তখনই তার সঙ্গে বিচ্ছেদের পথে হাঁটতে বাধ্য হই’। যা গেছে তা অতীত, এ নিয়ে আর কিছু বলতে চাই না।

মানুষের কথায় মিথিলার সঙ্গে বন্ধুত্ব নষ্ট করিনি : তাহসান

আলোচিত তারকা দম্পতি ছিলেন জনপ্রিয় সংগীতশিল্পী অভিনেতা তাহসান রহমান খান ও রাফিয়াথ রশিদ মিথিলা। তাদের ১১ বছরের সংসার তিন বছর

আগে ভেঙে গেলেও এখনও তাদের মধ্যে বন্ধুত্ব অটুট রয়েছে বলে ভারতীয় গণমাধ্যমকে জানিয়েছেন তাহসান।

মিথিলার সঙ্গে বন্ধুত্ব নিয়ে আনন্দবাজার পত্রিকাকে তিনি বলেন, আমি মনে করি, আমরা দু’জন আলাদা থেকেও আয়রাকে সুন্দর ভাবে বড় হওয়ার সুযোগ করে দিতে পারি। এ ছাড়াও বিচ্ছেদের তিন বছর পেরিয়ে গিয়েছে। তখন আমার জীবনের কঠিন সময় ছিল। কিন্তু আমরা কেউই বাইরের মানুষের কথায় আমাদের বন্ধুত্ব নষ্ট করিনি। তাই বোধ হয় আমাদের সম্পর্কটা এতটা সহজ।

আমাদের প্রত্যেকেরই তো কিছু দোষ-গুণ আছে। আমাদের একটা সম্পর্ক ফেল করেছে মানে এই নয় যে বন্ধুত্ব থাকবে না। আমাদের মেয়েকে আমরা দু’জনেই খুব ভালবাসি। আমার মেয়ের মায়ের নামে তাই একটি শব্দও খারাপ বলব না। আমাদের প্রতিনিয়ত যোগাযোগ আছে।

যশের সঙ্গে প্রেম? যা বললেন নুসরাত

নুসরাত জাহান ও তার স্বামী নিখিল জৈনের মধ্যে কি মন কষাকষি চলছে? কিছুদিন ধরেই শোনা যাচ্ছে, নুসরাত ও নিখিলের মধ্যে বনিবনা হচ্ছে না, শিগগিরই তাদের বিয়ে ভাঙতে পারে। নুসরাত নাকি তার এসওএস কলকাতা ছবির নায়ক যশ দাশগুপ্তের ঘনিষ্ঠ হয়ে পড়েছেন, এক সঙ্গে রাজস্থানেও ঘুরে এসেছেন ২ জনে। এবার যাবতীয় জল্পনা নিয়ে মুখ খুলেছেন নায়িকা।

২০১৯-এ ব্যবসায়ী নিখিল জৈনকে বিয়ে করেন পশ্চিমবঙ্গের তৃণমূল সাংসদ নুসরাত। তাদের সম্পর্ক ভাবছে কি না সে ব্যাপারে জানতে চাওয়া হলে নুসরত অবশ্য পরিষ্কার করে কিছু বলেননি। শুধু বলেছেন, তার ব্যক্তিগত জীবনে কী ঘটছে না ঘটছে তা জনসমক্ষে নিয়ে আসার তার বিন্দুমাত্র ইচ্ছে নেই, তার বিয়ে বা প্রেমের ব্যাপারে যেসব আলোচনা শোনা যাচ্ছে, সে নিয়ে তিনি কিচ্ছু বলবেন না।

তার কথায়, লোকজন সব সময় আমায় কাঠগড়ায় তুলেছে। কিন্তু এইবার আমি

কোনও মন্তব্য করব না। আমাকে বিচার করতে হলে করতে হবে একজন অভিনেত্রী হিসেবে আমার পারফরম্যান্স দেখে, অন্য কিছু দেখে নয়। ভাল, মন্দ, জঘন্য যাই হোক, এটা আমার ব্যক্তিগত জীবন, তা আর কারও সঙ্গে ভাগ করে নেওয়ার আমার ইচ্ছে নেই।

টিভি সিরিয়াল বোঝে না সে বোঝে না থেকে লাইমলাইটে আসেন যশ দাশগুপ্ত। তিনি অবশ্য দাবি করেছেন, নুসরাতের ব্যক্তিগত জীবনে কোনও সমস্যা আছে কিনা তা নিয়ে তার কোনও ধারণা নেই, রাজস্থানে তারা এক সঙ্গে গিয়েছিলেন কিনা সে নিয়েও কিছু বলেননি। যশ বলেছেন, প্রতি বছর আমি রোড ট্রিপে যাই, এ বছর রাজস্থান গিয়েছিলাম। যে কেউ বেড়াতে যেতে পারে, তাই না? আর নুসরাতের বিয়ে সংক্রান্ত সমস্যা আদৌ আছে কিনা তা নিয়ে আমার কোনও ধারণা নেই। যিনি জানেন তাকে জিজ্ঞেস করুন প্লিজ।

কিছুদিন প্রেম করার পর ২০১৯-এর ১৯ জুন নুসরাত জাহান ও নিখিল জৈন বিয়ে করেন। তুরস্কে ঘনিষ্ঠ বন্ধু ও আত্মীয়স্বজনদের উপস্থিতিতে তাদের বিয়ের অনুষ্ঠান হয়। এরপর কলকাতায় হয় বিয়ের রিসেপশন পার্টি। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়সহ টলিউডের নামী দামী ব্যক্তিত্বরা ছিলেন সেখানে।

আজীবন নিষিদ্ধ হচ্ছেন অনন্য মামুন

চলচ্চিত্র পরিচালক অনন্য মামুনকে আজীবনের জন্য নিষিদ্ধ করতে চলেছে বাংলাদেশ পরিচালক সমিতি। সম্প্রতি নির্বাহী পরিষদের এক আলোচনায় এমন প্রস্তাবই অনুমোদিত হয়েছে। আগামী ১৬ জানুয়ারি সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত হবে। সেখানে এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে বলে জানিয়েছেন পরিচালক শাহ আলম কিরণ। অনন্য মামুনকে নিষিদ্ধ করার জন্য প্রযোজক পরিবেশক সমিতিকেও অনুরোধ জানানো হবে।

একের পর এক বিতর্ক সৃষ্টি করে চলেছেন পরিচালক অনন্য মামুন। এর আগে মানবপাচারের অভিযোগে তিনি মালয়েশিয়ায় গ্রেফতার হয়েছিলেন।

যার প্রেক্ষিতে পরিচালক সমিতি তাকে নিষিদ্ধ করে। সেই সময় তিনি অনেক আলাপ আলোচনার পর পরিচালক সমিতিতে একটি মুচলেকা দেন। সেখানে বলা হয়, মামুন আর কোনো অপরাধ করলে, যা পরিচালক সমিতির ভাবমূর্তি ক্ষুণ্ন করে, তাহলে পরিচালক সমিতি তাকে আজীবনের জন্য নিষিদ্ধ করলেও তার কোনো আপত্তি থাকবে না।

কিন্তু এর পরেও তিনি বিতর্কে জড়ান। কিছুদিন আগে ওটিটি প্ল্যাটফর্মে মুক্তি পায় অনন্য মামুন পরিচালিত এবং শাকিব খান, মাহিয়া ও অর্চিতা স্পর্শিয়া অভিনীত নবাব এল.এল.বি। কিন্তু পরিচালক সে সময় অর্ধেক ছবি মুক্তি দেন। যা নিয়ে সোশ্যাল মিডিয়ায় রীতিমতো বিতর্কের ঝড় ওঠে। দর্শকরা এ ঘটনার তীব্র প্রতিবাদ জানান। পরিচালক-প্রযোজকের নামে মামলা করারও হুমকি দেন। এছাড়া এ ঘটনার নিন্দা জানান ছবির দুই প্রধান চরিত্র শাকিব খান এবং মাহিয়া মাহিও।

এর কয়েকদিন বাদে তার চেয়েও বড় বিতর্কে জড়িয়ে পড়েন অনন্য মামুন। বিতর্কের সূত্রপাত তার ‘নবাব এল.এল.বি’ ছবির একটি দৃশ্যের সংলাপকে ঘিরে। সেই দৃশ্যে দেখা যায়, একজন ধর্ষিতা নারী (অভিনয় করেছেন অর্চিতা স্পর্শিয়া) পুলিশের কাছে যান মামলা করতে। সেখানে ওই পুলিশ কর্মকর্তা (অভিনয় করেছেন শাহীন মৃধা) ধর্ষিতা নারীকে কয়েকটি খুবই আপত্তিকর ও অশ্লীল প্রশ্ন করেন।

ওই সংলাপ বাংলাদেশ পুলিশ বাহিনীর জন্য মানহানিকর উল্লেখ করে পরিচালক ও সংলাপে অংশ নেয়া দুই অভিনেতার নামে পর্নোগ্রাফি আইনে একটি মামলা করা হয়। মামলার বাদী হয় পুলিশ। সেই মামলায় গ্রেফতার হয়ে অনন্য মামুন ও অভিনেতা শাহীন মৃধা বর্তমানে জেলে রয়েছেন। তবে মামলার এজাহার থেকে অভিনেত্রী অর্চিতা স্পর্শিয়ার নাম বাদ দেয়া হয়েছে। বলা হয়েছে, পুলিশকে হেয় করার জন্য তিনি কোনোভাবেই জড়িত নন।

গ্রেফতার হওয়া পরিচালক অনন্য মামুনকে কোনো ধরনের সহযোগিতা করবে না পরিচালক সমিতি। সম্প্রতি অনুষ্ঠিত হওয়া নির্বাহী পরিষদের সভায় সে কথা স্পষ্ট জানিয়ে দিয়েছে সমিতির নেতারা।

নতুন সিনেমায় সিয়াম-পূজা

আবারও জুটিবদ্ধ হয়ে নতুন সিনেমাতে কাজ করতে যাচ্ছেন সিয়াম আহমেদ ও পূজা চেরী। নতুন এই সিনেমার নাম ‘সিকান্দার’। সিনেমাটি প্রযোজনা করছে বেঙ্গল মাল্টিমিডিয়া।

‘সিকান্দার’র পরিচালক জুবায়ের আলম, যা তার প্রথম সিনেমা। মার্চের দ্বিতীয় সপ্তাহে সিয়াম-পূজার ‘সিকান্দার’ ছবির শুটিং শুরু সম্ভাব্য সময় নির্ধারণ করা হয়েছে বলে জানা গেছে।

সিনেমার শুটিংয়ের বিষয়ে পরিচালক জুবায়ের আলম গণমাধ্যমকে বলেছেন, মার্চে শুটিংয়ে যাব। সিয়ামের আলাদা লুক তৈরি করছি। এটা ব্যক্তি কেন্দ্রিক ছবি নয়। নির্দিষ্ট একটি প্লট বেইজ গল্পের ছবি। সবকিছু শতভাগ চূড়ান্ত। চলতি মাসের শেষে সবকিছু জানাব। তার আগে কিছু নয়।

সিয়াম আহমেদ ও পূজা এর আগে জুটিবদ্ধ হয়ে ‘পোড়ামন-২’ এবং ‘দহন’ সিনেমায় অভিনয় করেন। ছবি দুটি মুক্তির পর বেশ প্রশংসিত হয়। তাদের আরেক সিনেমা ‘শান’ নির্মাণধীন।

সহশিল্পী যশের প্রেমে নুসরাত, গুঞ্জন টলিউডে

কলকাতার সাংসদ নুসরাত জাহান তার এক সহশিল্পীর প্রেমে পড়েছেন বলে গুঞ্জন ছড়িয়েছে। সেই সহশিল্পীর নাম যশ দাশগুপ্ত। একসঙ্গে ছবিতে কাজ করেছেন। সেখান থেকেই একে অপরের প্রেমে পড়েন তারা। এমনটাই গুঞ্জন শোনা যাচ্ছে। তবে দুজনের কেউ আনুষ্ঠানিক ঘোষণা দেননি। নায়িকা হওয়ার পাশাপাশি নুসরাত তৃণমূলের সাংসদও বটে। নায়িকা নুসরাতের ব্যক্তিগত জীবনের রদবদল তার রাজনৈতিক ভাবমূর্তিকে ক্ষুণ্ণ করতে পারে- এই আশঙ্কা তাকে আরও সাবধানী করে তুলেছে বলে মনে করছেন টলিপাড়ার অনেকে। তাদের মতে, ২০২১-এর বিধানসভা ভোটের আগে তাই সম্পর্কের কথা প্রকাশ্যে আনতে দ্বিধাগ্রস্ত নুসরাত।

সোশ্যাল মিডিয়ায় ‘নিয়ম না মানা’-র কথা বলেও তাই প্রকাশ্যে সে পথে হাঁটতে পিছপা অভিনেত্রী। আবার যশও ফোন ধরছেন না। ফলে সম্প্রতি গুঞ্জন আরও বেড়েছে। শোনা যাচ্ছে ‘এসওএস কলকাতা’র শ্যুটিং থেকেই অনস্ক্রিন নায়কের প্রেমে পড়েন নুসরাত। অতঃপর দু’জনে একসঙ্গে সময় কাটাতে শুরু করেন। রাজস্থানে একসঙ্গে ছুটি কাটাতে যাওয়ার খবর রটলে সেই গুঞ্জন নিশ্চিত খবরে পরিণত হয়।

ইনস্টাগ্রাম বলছে, এই মুহূর্তে নুসরাত রাজস্থানে। অন্যদিকে, যশের প্রোফাইল ‘স্টক’ করলে দেখা যাচ্ছে, ধূ-ধূ মরুপ্রান্তরের পটভূমিকায় বেশ কয়েকটি ছবি শেয়ার করেছেন তিনি। তবে নুসরাতের মতো নিজের কোনও পোস্টেই ‘চেক ইন’ দেননি নায়ক। তা হলে কি আপাতত সম্পর্কের কথা গোপন রাখতে চাইছেন তিনি? যদিও দু’য়ে-দু’য়ে চার করলে বাকি অঙ্কটা বুঝে নিতে অসুবিধা হচ্ছে না টলিউডের।

সোশ্যাল মিডিয়াতেও নেটাগরিকদের নজর এড়িয়ে যায়নি নায়ক-নায়িকার ‘পিডিএ’। গত ১৯ ডিসেম্বর নুসরাতের একটি ভিডিয়োতে ‘ইঙ্গিতপূর্ণ’ কমেন্ট করেছেন যশ। আমেরিকান গায়িকা রেচেল প্লাটেনের ‘ইফ ইওর উইংস আর ব্রোকেন’ গানের দু’টি লাইন উদ্ধৃত করে নুসরাতকে বুঝিয়ে দেন, সব পরিস্থিতিতেই নায়ককে পাশে পাবেন নায়িকা। চুপ করে থাকতে পারেননি নুসরাতও। সেই একই গানের একটি লাইনের মাধ্যমে উত্তর দিয়েছেন নুসরাত। যার সারমর্ম, ‘স্বর্গের ঠিকানা তুমি যদি না খুঁজে পাও, তোমার সঙ্গে নরকে যেতেও রাজি’। তাদের এই কমেন্ট-কমেন্ট খেলায় অন্য গন্ধ খুঁজে পাচ্ছেন নুসরাতের ‘বোনুয়া’ মিমি চক্রবর্তী। জুড়িকে প্রশ্ন করেছেন, দু’জনের মধ্যে এমন রসায়ন কীভাবে তৈরি হল? প্রত্যুত্তরে যশ লিখেছেন, তিনি এবং নুসরাত আসলে ‘ম্যাচ মেড ইন হেল’।

নুসরাতের ইনস্টা-প্রোফাইল খুঁটিয়ে দেখলেই বোঝা যায় তার জীবনের আচমকা পরিবর্তিত লেখচিত্র। বিবাহ-পরবর্তী সময় থেকে স্বামী নিখিল জৈনের সঙ্গে ঘন ঘন ছবি শেয়ার করে তার প্রতি অগাধ ভালবাসা বোঝাতেন নুসরাত। ২০১৯-এর ১৯ জুন বিবাহবন্ধনে আবদ্ধ হওয়ার পর থেকে প্রায় প্রত্যেক মাসে নিখিলের সঙ্গে একাধিক ছবি পোস্ট করতেন নুসরাত। গত বছরের জুন থেকে নুসরাত স্বামীর সঙ্গে খুব একটা ছবি আপলোড করেননি । ২০২০ সালের ৩ আগস্ট নুসরাতের প্রোফাইলে শেষ দেখা মিলেছে নিখিলের। নুসরাতের ইনস্টাগ্রাম প্রায় ছ’মাস ধরে নিখিল-হীন থাকলেও নিখিলের সোশ্যাল কিন্তু অন্য গল্প বলছে। নুসরাতের সঙ্গে তার শেষ পোস্ট গত ২০ নভেম্বর। যা দেখেশুনে টলিপাড়ার অভিজ্ঞরা বলছেন, সম্পর্কের বাঁধন আলগা হলেও পুরোপুরি

ছিঁড়ে যায়নি। নিখিলের আপাত গতিবিধি অন্তত তেমনটাই বলছে।

ঘটনাচক্রে, ৮ জানুয়ারি নুসরাতের জন্মদিন। বিশেষ দিনে কি বিশেষ মানুষের আরও কাছাকাছি হবেন নুসরাত? নিখিল-যশ-নুসরতের ত্রিকোণ কাহিনি কি নতুন কোনও মোড় নেবে?

কৃষকদের নিয়ে সিনেমায় সোনু সুদ

বলিউড অভিনেতা সোনু সুদ ভারতের লকডাউনের মধ্যে বিভিন্নভাবে অসহায় মানুষের দিকে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। এবার কৃষকদের নিয়ে নির্মাণ শুরু হতে যাওয়া একটি সিনেমায় অভিনয় করতে যাচ্ছেন সোনু সুদ। ‘কিষাণ’ নামের সিনেমাটিতে কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করবেন তিনি। এটি পরিচালনা করবেন ই নেওয়াজ।

‘ড্রিম গার্ল’খ্যাত পরিচালক রাজ শান্দিলিয়া ‘কিষাণ’ প্রযোজনা করছেন। রবিবার (৪ জানুয়ারি) বিষয়টি টুইটারে জানান তিনি। ক্যাপশনে তিনি লেখেন, আমার পরবর্তী প্রোডাকশন ‘কিষাণ’। সোনু সুদ এতে কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করছেন।

সিনেমাটির ঘোষণা দেওয়ার পর বলিউড ‘শাহেনশাহ’ অমিতাভ বচ্চন সবার প্রথমে অভিনন্দন জানান। ‘বিগ বি’ টুইটারে লেখেন, ‘কিষাণ’ সিনেমাটির সব ধরনের সফলতা কামনা করছি।

এরপর ফিরতি বার্তায় সোনু সুদ লেখেন, ‘অনেক ধন্যবাদ স্যার’।

সোনু নিজের সম্পত্তি বিকিয়ে মানুষের পাশে দাঁড়িয়েছেন। সোনুকে দেবতার সমতুল্য সম্মানও দিয়েছেন বহু মানুষ। কিছুদিন আগেই অভিনেতাকে সম্মান জানিয়ে তার কাজে প্রভাবিত হয়ে এক ভক্ত তার ফাস্ট ফুডের দোকানের নাম পালটে ‘লক্ষ্মী সোনু সুদ ফাস্ট ফুড সেন্টার’ রেখেছিলেন। সেই ছবি শেয়ারও করেছিলেন সোনু।

সালমান খানের দুই ভাইয়ের বিরুদ্ধে এফআইআর

বলিউড সুপারস্টার সালমান খানের দুই ভাই ও ভাতিজার বিরুদ্ধে এফআইআর করেছে বৃহন্মুম্বাই মিউনিসিপাল করপোরেশন। কভিড-১৯ বিধি লঙ্ঘন করায় সালমানের ভাই সোহেল খান, আরবাজ খান ও সোহেলের বড় ছেলে নির্বানকে অভিযুক্ত করে এ এফআইআর করা হয়েছে।

২৫ ডিসেম্বর এ তিনজন দুবাই থেকে ভারতে ফেরেন। বিমানবন্দরেই তাদেরকে হোটেলে কোয়ারেন্টাইন করতে বলা হয়। কিন্তু তারা বাড়িতে চলে যান। জানা গেছে, বাড়িতে চলে গেলেও প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন এড়াতে পারবেন না তারা।

মুম্বাইয়ের খার পুলিশ স্টেশনে প্রিভেনশন অব স্টেরিলাইজেশন আইনে সালমানের দুই ভাই ও ভাতিজার বিরুদ্ধে এফআইআর করা হয়েছে। এই আইন অনুসারে, করোনার নতুন প্রজাতির সংক্রমণ রুখতে ব্রিটেন ও দুবাই থেকে আসা যাত্রীদের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন মানতে হবে।

‘ধুম ৪’-এ চোরের ভূমিকায় দীপিকা পাড়ুকোন!

চোর-পুলিশ খেলায় সব সময়ে চোর পুরুষই কেন হবে! নারীও তো হতে পারে। বাস্তবে না হলেও এবার সিনেমার পর্দায় তেমনটিই দেখা যেতে পারে। জন আব্রাহাম, হৃতিক রোশন ও আমির খানের পর এবার ধুম ফোরে চোরের ভূমিকায় দীপিকা পাড়ুকোনকে দেখা যাবে বলে কানাঘুষো হচ্ছে।

সম্প্রতি নতুন বছরের ছুটি কাটাতে স্বামী রণবীর সিংহের সঙ্গে

রাজস্থানের রণথম্ভোর জঙ্গল থেকে ঘুরে এলেন দীপিকা। এবার কাজ শুরুর পালা। ভারতীয় গণমাধ্যম বলছে, এই মুহূর্তে ছবির নির্মাতাদের সঙ্গে আলোচনার পর্যায়ে রয়েছে ব্যাপারটা। কেবল এইটুকু জানা গেছে, ২০২১ সালের শেষের দিকে ফ্লোরে যাবে ‘ধুম ৪’-এর টিম।

এর আগে অবশ্য ‘ধুম ৪’ নিয়ে অনেক রকম রটনা রটেছিল। শোনা যাচ্ছিল, এবারে চোর বা খলনায়কের ভূমিকায় দেখা যাবে শাহরুখ খান, রণবীর কাপুর বা রণবীর সিংহকে। এই তালিকায় দীপিকা পাড়ুকোনের নাম ঢুকে পড়ায় নতুন আলোচনার সৃষ্টি হয়েছে। সূত্র: ফিল্মফেয়ার ও আনন্দবাজার পত্রিকা।